# ইরান যুদ্ধের পর ৭৫৭ মার্কিন সেনা আহত: পেন্টাগন



সংগৃহীত ছবি

ইরানের সঙ্গে সংঘাত শুরুর পর থেকে ৭৫০ জনের বেশি মার্কিন সেনা আহত হয়েছেন বলে জানিয়েছে যুক্তরাষ্ট্রের প্রতিরক্ষা দপ্তর। পেন্টাগনের সর্বশেষ হিসাব অনুযায়ী, আহত সেনাসদস্যের সংখ্যা ৭৫৭ জনে পৌঁছেছে।
বুধবার (১৯ আগস্ট) হতাহতের তথ্যের ডাটাবেস হালনাগাদ করেছে পেন্টাগন। নতুন করে ৫০ জনেরও বেশি আহত সেনার তথ্য সেখানে যুক্ত করা হয়েছে। একই সময়ে ইরান ও যুক্তরাষ্ট্রের মধ্যে যুদ্ধ বন্ধের আলোচনা কোনো অগ্রগতি ছাড়াই থমকে আছে।

প্রতিরক্ষা দপ্তরের ডিফেন্স ক্যাজুয়ালটি অ্যানালাইসিস সিস্টেমের (ডিসিএএস) 'ওভারসিজ অপারেশনস' বিভাগের তথ্য এবং 'অপারেশন এপিক ফিউরি'র হিসাব একত্রে দেখলে জানা যায়, গত ২৮ ফেব্রুয়ারি ইরানের বিরুদ্ধে সামরিক অভিযান শুরুর পর থেকে ১৮ জন মার্কিন সেনা নিহত হয়েছেন। আহত হয়েছেন আরও ৭৫৭ জন।

গত মাসে হতাহতের তথ্য সংরক্ষণের জন্য ডিসিএএসে 'ওভারসিজ অপারেশনস' নামে আলাদা একটি বিভাগ চালু করে পেন্টাগন। সেখানে ৭ জুলাই থেকে নিহত ও আহত সেনাদের তথ্য যোগ করা হচ্ছে।

তবে এসব সেনা ঠিক কোন সংঘাত বা অভিযানে আহত কিংবা নিহত হয়েছেন, সে বিষয়ে বিস্তারিত কোনো তথ্য প্রকাশ করেনি মার্কিন প্রতিরক্ষা দপ্তর।